চিনের বিরুদ্ধে আগামীকাল জমাট রক্ষণ মন্ত্র সুনীলের

সুঝাউ, ১১ অক্টোবর ঃ ২১ বছর পরে চিনের বিরুদ্ধে শনিবার ম্যাচ খেলতে নামবে ভারতীয় ফুটবল দল। তাদেরকে ঘিরে প্রত্যাশার পারদও আকাশচুম্বী। তাও হাওয়ায় না ভেসে বাস্তবটা স্মরণ করিয়ে দিচ্ছেন সুনীল ছেত্রী। চিনের বিরুদ্ধে তাদের ঘরের মাঠে খেলার সময়ে জমাট রক্ষণ রেখে ক্রমাগত নিজেদের কাজটা করে যেতে হবে বলেই জানিয়ে দিয়েছেন সুনীল। পাশাপাশি প্রতিআক্রমণে সুযোগের সদ্ব্যবহারেরও কথাও বলেছেন ভারতীয় অধিনায়ক। ম্যাচের আগের দিন সাংবাদিক সম্মেলনে সুনীল জানিয়েছেন, 'খুব ভালোভাবে রক্ষণটা সামলাতে হবে আমাদের। এই ম্যাচে প্রতিপক্ষকে একচুলও জায়গা ছাড়া যাবে না, তাই ভালোরকম রক্ষণ করতে হবে। পাশাপাশি সুযোগ খুঁজতে হবে। সুযোগ তৈরি করে প্রতিআক্রমণে উঠতে হবে। সোজা ভাষায় বললে, গোটা দল হিসেবে দারুণ একটা পারফরম্যান্স আমাদের মেলে ধরতে হবে। মাঝেমধ্যে দল হিসেবে খেলার ক্ষেত্রে আমরা ভুগেছি, সেটা করার কোনো অবকাশ চিনের বিরুদ্ধে নেই।' চিনের বিরুদ্ধে ভারতের ট্র্যাকরেকর্ড সেভাবে ভালো না হলেও আগামী বছরের এএফসি কাপের জন্য এই ধরনের কঠিন প্রস্তুতি ম্যাচ ভারতীয় দলকে সমৃদ্ধই করবে বলেই মনে করেন তিনি। সুনীল বলেছেন, 'চিনের মতো দলের বিরুদ্ধে খেলতে পারব ভেবে দারুণ লাগছে। বরং এতকাল পর খেলছি ভেবে অবাক লাগছে। এশিয়ার মঞ্চে চিনের মতো শক্ত প্রতিপক্ষের বিরুদ্ধে খেলা আমাদের আরও ভালোভাবে তৈরি করবে। আমাদের এরকম ম্যাচ খেলে উন্নতি করতে হবে। কারণ, জানুয়ারিতে এএফসি কাপের প্রত্যেকটি ম্যাচে এরকমই কঠিন প্রতিপক্ষদের বিরুদ্ধে খেলতে হবে।' তবে চিনের বিরুদ্ধে খেলার আগে আত্মবিশ্বাসী সুনীলের সংযোজন, 'তবে কোনোরকম চাপের মধ্যে রয়েছি, এমনটা কিন্তু নয়। আমি ও দলের সবাই এই মুহূর্তে দারুণ ফিট, যা সেরাটা দিতে আমাদের সাহায্য করবে।' উল্লেখ্য, কিরগিজস্তানের বিরুদ্ধে শেষ অ্যাওয়ে ম্যাচে চোটের জন্য খেলতে পারেননি ভারতীয় অধিনায়ক। এদিকে, সুনীলের মতোই ভারতীয় দলকে রক্ষণে বাড়তি গুরুত্ব দিতে হবে বলেই মনে করেন আনাস এডাথোডিকা। ভারতীয় দলের এই স্টপার জানাচ্ছেন, 'চিনকে আটকানোর কাজটা বেশ শক্ত। তবে অসম্ভব নয়।' চিনের আক্রমণ রুখতে গোটা দলকে এগিয়ে আসার ডাকও দিয়েছেন আনাস।

আই লিগের স্বীকৃতি ঃ এশিয়ান স্তরে স্বীকৃতি পেল আই লিগ। এএফসি-র অন্তর্ভুক্ত দেশগুলোর মধ্যে বর্ষসেরা উন্নয়নশীল লিগগুলির সেরা দশের মধ্যে স্থান পেল আই লিগ। ভুটান, ইন্দোনেশিয়া, গুয়াম, কিরগিজস্তানের মতো দেশের সেরা লিগগুলির সঙ্গে স্থান করে নিয়েছে আই লিগ। বাকি দেশের লিগগুলিকে টপকে এএফসি-র বিচারে বর্ষসেরা উন্নয়নশীল লিগের খেতাব আই লিগ জিততে পারে কিনা, সেটা বোঝা যাবে নভেম্বরের মাঝামাঝি। ১৯ ও ২০ নভেম্বর ব্যাংককে এক অনুষ্ঠানে সেরাদের বেছে নিয়ে পুরস্কৃত করা হবে।

টানা চতুর্থ বছর মোহনবাগানে ভরসা দিতে আসছেন সনি নরডি।

শারদীয়ায় সবুজ-মেরুন জনতাকে সনি উপহার

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১১ অক্টোবর ঃ শারদীয়ার শুরুতে বাগান জনতাকে 'সনি নরডি' উপহার দিলেন নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় সচিব হওয়া টুটু বসু। বিগত কয়েকদিন ধরেই হাইতিয়ান ফুটবলারের সবুজ-মেরুনে প্রত্যাবর্তন নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছিল। কিন্তু দ্বিতীয়ার দুপুরেই সব জল্পনা-কল্পনার অবসান। বিরাট কোনো অঘটন না ঘটলে এবারও আই লিগে সবুজ-মেরুন জার্সিতেই মাঠে নামতে চলেছেন সনি। কারণ এখানে আসার পর সনিকে মেডিকেল এবং ফিটনেস টেস্ট দুটোই দিতে হবে বলে জানিয়ে দেওয়া হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় বাগান কোচ শংকরলাল চক্রবর্তীও বললেন,' সনি আসার পর ফিটনেস পরীক্ষা দিক। তারপরই চূড়ান্ত মন্তব্য করব।'

এই মুহূর্তে মায়ামিতে রয়েছেন সনি। বাগানের চুক্তিপত্রে সই করার পরই ভিসার জন্য আবেদন করে দিয়েছেন। ভিসার কাগজপত্র হাতে পেলেই কলকাতায় চলে আসবেন বাগান জনতার নয়নমণি। বাগান সূত্রের খবর, সম্ভবত পুজোর মধ্যেই শহরে আসতে পারেন সনি। পঞ্চম বিদেশি হিসাবে মিশরের ওমর এলহুসেইনির নাম ঘোষণার পরই ফেসবুকে অভিমানভরা পোস্ট করেন সনি। যা দেখে বাগান জনতা প্রবল ক্ষিপ্ত হয়ে ওঠে। ভোট বাজারে সদস্য-সমর্থকদের মন রাখতে তাঁর সঙ্গে যোগাযোগ করেন সৃঞ্জয়-দেবাশিসরা। হাইতিয়ান তারকাকে বোঝানো হয়, তাঁকে নেওয়ার রাস্তা বন্ধ করা হয়নি। দুবাই নিবাসী বন্ধু অর্ণব মুখোপাধ্যায় এক্ষেত্রে সৃঞ্জয়কে সাহায্য করেন। এরপরই নিজের পোস্ট মুছে দিয়ে বাগান-জনতাকে স্বস্তি দেন সনি। সূত্রের খবর, বুধবার রাতেই মায়ামিতে হাইতিয়ানের কাছে চুক্তিপত্র পৌঁছে যায়। সাত মাসের জন্য সবুজ-মেরুনের হয়ে সই করেছেন হাইতিয়ান ম্যাজিশিয়ান। কিন্তু মরশুমের শুরুতে একজন বিদেশি ডিফেন্সিভ মিডিও চেয়েছিলেন কোচ শংকরলাল। কিন্তু এলহুসেইনির সঙ্গে সনিকে দলে নিলে রক্ষণের ফুটবলার নেওয়ার জায়গা থাকবে না। এই প্রসঙ্গে শংকর জানান,তাঁরা টেকনিকাল কিছু সিদ্ধান্ত বদল করেছেন। যা সংবাদমাধ্যমের কাছে বলা যাবে না। এখনও ভিসা পাননি হুসেইনি, ভিসা হাতে পেলে তাঁকে ক্লাবের পক্ষ থেকে বিমানের টিকিট পাঠানো হবে।

এদিকে, বৃহস্পতিবার সকালে সিএবি-তে জিম করেন বাগান ফুটবলাররা। এরপর বিকেলে আই লিগের জন্য শারীরিক পরীক্ষা হয় প্রতিটা ফুটবলারের। ভাইরাল ফিভারে আক্রান্ত হওয়া তিন ফুটবলার সৌরভ দাস, অবিনাশ রুইদাস, ডিপান্ডা ডিকা কিছুটা সুস্থ আছেন। শুক্রবার মাঠে নেমে অনুশীলন করাবেন কোচ শংকরলাল চক্রবর্তী।

'মি টু'-র জের
যৌন হেনস্তার অভিযোগ মালিঙ্গার বিরুদ্ধে

মুম্বই, ১১ অক্টোবর ঃ নানা পাটেকারের বিরুদ্ধে বলিউড অভিনেত্রী তনুশ্রী দত্তর মুখ খোলার মাধ্যমে ভারতে 'মি টু' মুভমেন্ট দিনের আলো দেখেছিল। কিন্তু সেটা যে ক্রীড়া ব্যক্তিত্বদেরও টেনে আনবে সেটা ভাবা যায়নি। যদিও শ্রীলঙ্কার প্রাক্তন বিশ্বজয়ী অধিনায়ক অর্জুনা রণতুঙ্গার পর শ্রীলঙ্কার আর এক তারকা লসিথ মালিঙ্গার বিরুদ্ধেও যৌন হেনস্তার অভিযোগ উঠল। নিজের নাম গোপনে রেখে এহেন অভিযোগ আনলেন গায়িকা চিন্ময়ী শ্রীপদ। আইপিএলের কোনো একটি মরশুমে মুম্বই ইন্ডিয়ান্সের জার্সিতে খেলার সময় মালিঙ্গা তাঁকে হেনস্তা করে বলে অভিযোগ। এপ্রসঙ্গে তিনি বলেছেন, 'আমি আমার এক বন্ধুর খোঁজে মুম্বইয়ের এক হোটেলে গিয়েছিলাম। সেখানে মালিঙ্গার সঙ্গে আমার দেখা হয়। মালিঙ্গা বলে আমার বন্ধু ওর রুমে আছে। কিন্তু সেখানে আমার বন্ধু ছিল না। হঠাৎই মালিঙ্গা আমাকে বিছানায় টেনে নিয়ে যায় ও শ্লীলতাহানির চেষ্টা করে। কিন্তু হোটেলের স্টাফরা চলে আসায় মালিঙ্গা দরজা খুলতে বাধ্য হয়। আমি সেখান থেকে পালিয়ে যাই।'

ডু ডংয়ের বিরুদ্ধে খেলবে ইস্টবেঙ্গল

কুয়ালালামপুর, ১১ অক্টোবর ঃ ডার্বি ম্যাচে তাঁর চোখধাঁধানো ফ্রি-কিকে গোল নিয়ে আজও চর্চা চলে লাল-হলুদ সমর্থকদের মধ্যে। তিনি ডু ডং-হিউম। মশাল ব্রিগেডের একসময়ের নয়নের মণির বিরুদ্ধেই খেলতে নামছে ইস্টবেঙ্গল। শনিবার আল আমনারা মুখোমুখি হতে চলেছেন মালয়েশিয়ার সুপার ডিভিশন লিগের ক্লাব তেরেঙ্গানু এফসির। প্রবল বৃষ্টির জন্য দ্বিতীয় প্রস্তুতি ম্যাচ ভেস্তে গেলেও অনুশীলনে কোনো ফাঁক রাখছেন না লাল-হলুদের স্প্যানিশ কোচ আলেহান্দ্রো মেনেন্ডেজ। বৃহস্পতিবারও এমএসএন স্পোর্টস কমপ্লেক্সে পুরোদমে অনুশীলন সারেন বোরহা,আকোস্টারা।

শনিবারের প্রতিপক্ষকে যথেষ্ট গুরুত্ব দিচ্ছেন ইস্টবেঙ্গল কোচ আলেহান্দ্রো। আগের দুটি ম্যাচের প্রতিপক্ষ ইউআইটিএম এবং ইউকেএম এফসি দুটি দলই ছিল মালয়েশিয়ার দ্বিতীয় ডিভিশনের দল। সেখানে তেরেঙ্গানু এফসি মালয়েশিয়ার প্রথম ডিভিশনের দল। সদ্য সমাপ্ত মালয়েশিয়া লিগে পঞ্চম স্থানে শেষ করেছেন ডু ডংরা। মালয়েশিয়ান কাপের প্রথম ম্যাচেও জোহর দারুলকে হারিয়েছে তাঁরা। ফলে তেরেঙ্গানু এফসির ফুটবলারদের কাছ থেকে কড়া প্রতিদ্বন্দ্বিতা আশা করছে মশাল শিবির।

আজ মিনার্ভার বিরুদ্ধে সেমির যুদ্ধে মহমেডান

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১১ অক্টোবর ঃ নগাঁও ইনডিপেন্ডেন্স কাপের ফাইনালে ওঠার শক্ত লড়াইয়ে নামতে চলেছে মহমেডান স্পোর্টিং। শুক্রবার সন্ধেয় প্রতিযোগিতার সেমিফাইনাল ম্যাচে মিনার্ভা পাঞ্জাবের বিরুদ্ধে খেলতে নামছে তারা। প্রতিযোগিতার শুরুতে রিজার্ভ দল পাঠালেও সেমিফাইনালে ওঠায় আই লিগে খেলতে চলা কিছু খেলোয়াড়কে অসমে পাঠিয়েছে মিনার্ভা। মইনুদ্দিন, মননদীপ সিংয়ের মতো অভিজ্ঞ খেলোয়াড়রা মিনার্ভায় যোগ দেওয়ায় সাদা-কালো শিবিরকে বেশ কঠিন ম্যাচের মধ্যে পড়তে হচ্ছে। মহমেডান টেকনিকাল ডিরেক্টর রঘু নন্দী বলছিলেন, 'মিনার্ভাকে গুরুত্ব দিতেই হবে। তবে আমরাও ভালোমতো প্রস্তুত। মিনার্ভা কঠিন চ্যালেঞ্জ হলেও আমরাও তাদেরকে শক্ত লড়াই উপহার দিতে তৈরি। আশা রাখি, ছেলেরা নিজেদের মেলে ধরবে।' নগাঁও ইনডিপেন্ডেনস কাপের গ্রুপপর্বে প্রথম ম্যাচে কেএ মর্নিং স্টারকে হারিয়ে অভিযান শুরু করলেও দ্বিতীয় ম্যাচে গতবারের চ্যাম্পিয়ন বিএসএফ জলন্ধরের কাছে হোঁচট খায় তারা। শুক্রবারই প্রতিযোগিতার অপর সেমিফাইনালে মুখোমুখি হচ্ছে বিএসএফ জলন্ধর ও ইন্ডিয়ান অয়েল।

টিটি-তে ব্রোঞ্জ সৌম্যদীপের

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ অক্টোবর ঃ পুনেতে আয়োজিত পশ্চিমাঞ্চলীয় ন্যাশনাল র‍্যাংকিং টেবল টেনিসে সাব-জুনিয়ার ছেলেদের বিভাগে ব্রোঞ্জ জিতল শিলিগুড়ির সৌম্যদীপ সরকার। বৃহস্পতিবার সেমিফাইনালে সে তামিলনাড়ুর বিশ্ব দিনদয়ালের বিরুদ্ধে ৪-২ গেমে হেরে গিয়েছে। এর আগে কোয়ার্টার ফাইনালে শিলিগুড়ি টেবল টেনিস অ্যাকাডেমির সৌম্যদীপ ৩-১ গেমে দিল্লির পায়াস জৈনকে হারিয়ে শেষ চার নিশ্চিত করেছিল। এদিকে, সালার মেমোরিয়াল নামক সংস্থা ভারতের ১০ জন প্যাডলারকে নির্বাচিত করেছে। যাদের ৫০ হাজার টাকার স্কলারশিপ দেওয়া হয়েছে। সেই তালিকায় নাম রয়েছে সৌম্যদীপের।

সেমিতে অমর

কোচবিহার, ১১ অক্টোবর ঃ সিপাহিটারি অগ্রদূত সংঘের গণপতি বর্মন ও কমলেশ্বরী বর্মন ট্রফি ৮ দলীয় ফুটবলে সেমিফাইনালে উঠল ফালাকাটার অমর সংঘ। বৃহস্পতিবার প্রথম সেমিফাইনালে তারা টাইব্রেকারে ৩-২ গোলে শামুকতলার মোগরা এফসি-কে হারিয়েছে। সিপাহিটারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে নির্ধারিত সময়ে ম্যাচ ১-১ ছিল। অমর সংঘের চন্দন কেরকেট্টা ও মোগরার অজিত মারান্ডি গোল করেন। ম্যাচের সেরা অমর সংঘের তহিমুল আলি। ২৫ অক্টোবর দ্বিতীয় কোয়ার্টার ফাইনালে খেলবে রাজারহাট ফ্রেন্ডস ক্লাব ও ধূপগুড়ি এফসি।

জিতল পানিঘাটা

বাগডোগরা, ১১ অক্টোবর ঃ পানিঘাটা পুলিশ-পাবলিক মঞ্চের পুলিশ-পাবলিক ফ্রেন্ডশিপ কাপ ফুটবলে বৃহস্পতিবার পানিঘাটা হাইস্কুল ৩-০ গোলে ছোটা টিংলিং ফুটবল ক্লাবকে হারিয়েছে। পানিঘাটা হাইস্কুলের মাঠে জোড়া গোল করেন পবন তামাং। তাদের অন্যটি গুলসানের। শুক্রবার খেলবে রেইনবো হাইস্কুল ও বিএল মেমোরিয়াল হাইস্কুল।

ইংল্যান্ড বনাম ক্রোয়েশিয়া
নেশনস লিগে বিশ্বকাপ সেমিফাইনালের রিম্যাচ

রিয়েজকা (ক্রোয়েশিয়া), ১১ অক্টোবর ঃ উয়েফা নেশনস লিগের মঞ্চে বিশ্বকাপ সেমিফাইনালের রিম্যাচ। মাস তিনেক আগে মস্কোর লুঝনিকি স্টেডিয়ামে এক্সট্রা টাইমে যে ম্যাচে ইংল্যান্ডের 'ইটস কামিং হোম'-র স্বপ্ন চুরমার হয়েছিল। গ্যারেথ সাউথগেটের প্রশিক্ষণাধীন দলকে ১-২ গোলে হারতে হয়েছিল। তাই ক্রোয়েশিয়ার ঘরের মাঠে গিয়ে বদলা নিয়ে দুধের স্বাদ ঘোলে মেটাতে চাইবে থ্রি লায়ন্সরা। পাশাপাশি এই ম্যাচ থেকে পয়েন্ট তুলে নিয়ে উয়েফা নেশনস লিগের সমীকরণে থাকার লড়াইটাও থাকছে। গ্রুপের প্রথম ম্যাচে স্পেনের কাছে ১-২ ফলে ইংল্যান্ড হেরেছে। বিশ্বকাপের ফাইনালিস্টদের আবার মুখোমুখি হতে হয়েছিল করুণ হারের। স্পেনের কাছে ০-৬ ফলে চূর্ণ হয়েছিলেন লুকা মডরিচ-ইভান রাকিটিচরা। তাই ঘরের মাঠে নিজেদের সমর্থকদের সামনে ইংল্যান্ডকে ফের একবার হারিয়ে সম্মান পুনরুদ্ধারের চ্যালেঞ্জও থাকছে ক্রোটদের সামনে। এদিকে, সম্প্রতি ২০২২ পর্যন্ত ইংল্যান্ডের কোচের পদে চুক্তি সেরে গ্যারেথ সাউথগেট দলে সুযোগ দিতে শুরু করেছেন তরুণ তুর্কিদের। ম্যাসন মাউন্ট, জেমস ম্যাডিসনে ও গতবছর ভারতে আয়োজিত অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপ চ্যাম্পিয়ন ইংল্যান্ড দলের গুরুত্বপূর্ণ সদস্য জ্যাডন স্যাঞ্চোকে সিনিয়র দলে ডাক দিয়েছেন তিনি। চলতি মরশুমে ক্লাবদল বরুশিয়া ডর্টমুন্ডের হয়ে বুন্দেশলিগা ও চ্যাম্পিয়ন্স লিগের প্রায় সব ম্যাচেই খেলেছেন তিনি, তাই স্যাঞ্চোর ক্রোয়েশিয়ার বিরুদ্ধে ইংল্যান্ডের জার্সিতে অভিষেক হয় কি না সেটার প্রত্যাশায় রয়েছেন এদেশের ফুটবলপ্রেমীরা। উয়েফা নেশনস লিগের অপর গুরুত্বপূর্ণ ম্যাচে সুইজারল্যান্ডের কঠিন চ্যালেঞ্জের বিরুদ্ধে নামতে চলেছে ফিফা ক্রমতালিকায় বর্তমানে যুগ্মশীর্ষে থাকা বেলজিয়াম।

ইংল্যান্ড জার্সিতে অভিষেকের অপেক্ষায় জ্যাডন স্যাঞ্চো।

ব্রাজিলের প্রীতি ম্যাচ ঃ ভারতীয় সময় শুক্রবার রাতে (১১ টা ৩০ মিনিট) ফের প্রীতি ম্যাচে খেলতে নামছে ব্রাজিল। সৌদি আরবের বিরুদ্ধে তাদের দেশের কিং সাউদ ইউনিভার্সিটি স্টেডিয়ামে খেলতে নামছেন নেইমার-কুটিনহোরা। ব্রাজিলের এই ম্যাচটিকে আখেরে পরের মেগাম্যাচের প্রস্তুতি হিসেবেই দেখছেন অনেকে। আগামী মঙ্গলবার (১৬ অক্টোবর) সৌদি আরবের কিং আবদুল্লা স্পোর্টস সিটিতে খেলতে নামছে লাতিন আমেরিকান দুই চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিল ও আর্জেন্টিনা। লিওনেল মেসি না খেললেও যে ম্যাচের গুরুত্ব একটুও কমবে না বলেই মনে করেন তাঁর বার্সা সতীর্থ তথা ব্রাজিলের কুটিনহো।

প্রীতি ম্যাচেও জয় অধরা ইতালির

জেনোয়া, ১১ অক্টোবর ঃ ইউক্রেনের বিরুদ্ধে প্রীতি ম্যাচে আটকে গেল ইতালি। বুধবার জেনোয়ায় ব্রিজ দুর্ঘটনায় মৃত ব্যক্তিদের স্মরণে ইউরোপের এই দুই দেশ মুখোমুখি হয়েছিল ফুটবল মাঠে। ম্যাচের ৫৫ মিনিটে রবার্তো মানচিনির ইতালিকে এগিয়ে দেন ফ্রেডরিকো বার্নাডেসচি। তার ঠিক সাত মিনিটের মাথায় ইউক্রেনকে সমতায় ফেরান রুসলান মালিনোভস্কি। ১২ অগাস্ট জেনোয়ার মোরান্দি ব্রিজ ভেঙে মারা গিয়েছিলেন ৪৩ জন। সেই দুর্ঘটনায় মৃতদের স্মরণে ম্যাচের ৪৩ মিনিটে এক মিনিটের জন্য খেলা বন্ধ রেখে তাঁদের শ্রদ্ধা জানান ফুটবলাররা। ম্যাচ শেষে আজুরিদের কোচ মানচিনির গলাতেও শোনা গেল দুর্ঘটনার প্রসঙ্গ। তিনি বলেন, 'জেনোয়ার ব্রিজ দুর্ঘটনায় মৃত ব্যক্তিদের পরিবারকে আমার সমবেদনা জানাই। এই মর্মান্তিক ঘটনা আমাকেও মানসিকভাবে আঘাত করেছে।'

তবে প্রীতি ম্যাচে দল জিততে না পারায় হতাশ ইতালি কোচ। মানচিনি জানান, 'ইউক্রেনের বিরুদ্ধে প্রচুর সুযোগ তৈরি করেও আমরা জয় তুলে আনতে পারিনি। এটা সত্যি হতাশার।' প্রসঙ্গত, মানচিনি ইতালির দায়িত্ব নেওয়ার পর ছয় ম্যাচের মাত্র একটিতে জিততে পেরেছে আজুরিরা। সামনেই উয়েফা নেশনস লিগে পোল্যান্ডের বিরুদ্ধে ম্যাচ রয়েছে ইতালির। সেই ম্যাচে দলে ফিরছেন পিএসজি তারকা মার্কো ভেরাত্তি। কোচ মানচিনি আশাবাদী দলের জয়ের ব্যাপারে।

২৩ রানে শেষ চিন

কুয়ালালামপুর, ১১ অক্টোবর ঃ টি২০-তে নজির গড়ল নেপাল। ২০২০ সালের টি২০ চ্যাম্পিয়নশিপের যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে তারা চিনকে অলআউট করল মাত্র ২৩ রানে। মাত্র ১৪.৫ ওভারেই গুটিয়ে গেল চিনের ইনিংস। জবাবে ব্যাট করতে নেমে মাত্র ১১ বলে জয় তুলে নেন নেপালের ব্যাটসম্যানরা। বল হাতে তিন উইকেট নেন নেপালের লেগস্পিনার সন্দীপ লামিছানে। তাঁর সঙ্গী বসন্ত রেজমিও তিনটি উইকেট পান। চিনের সাত জন ব্যাটসম্যান শূন্য রানে সাজঘরে ফেরেন।

আন্তঃবিদ্যালয় ফুটবলে সেরা দেওয়ানগঞ্জ, আঙ্গুলদেখা

হলদিবাড়ি, ১১ অক্টোবর ঃ জোনাল কাউন্সিল ফর স্কুল গেমস অ্যান্ড স্পোর্টসের আন্তঃবিদ্যালয় ফুটবলে ছেলেদের অনূর্ধ্ব-১৯ বিভাগে চ্যাম্পিয়ন হল দেওয়ানগঞ্জ হাইস্কুল। বৃহস্পতিবার ফাইনালে তারা টাইব্রেকারে ৩-১ গোলে হলদিবাড়ি হাইস্কুলকে হারিয়েছে। টাউন ক্লাবের মাঠে নির্ধারিত সময়ে ম্যাচ গোলশূন্য ছিল। ফাইনাল ও টুর্নামেন্টের সেরা দেওয়ানগঞ্জের অনিমেষ রায়। সেরা স্ট্রাইকার একই দলের আশিস বিশ্বাস। সেরা গোলরক্ষক দেওয়ানগঞ্জের কমল রায়। সেরা মিডফিল্ডার ও সেরা ডিফেন্ডার যথাক্রমে হলদিবাড়ির সৌরভ নুনিয়া ও রোশন আলি। মেয়েদের বিভাগে চ্যাম্পিয়ন আঙ্গুলদেখা কমলাকান্ত হাইস্কুল। ফাইনালে তারা টাইব্রেকারে ২-০ গোলে দেওয়ানগঞ্জের বিরুদ্ধে জয় পায়। নির্ধারিত সময়ে ম্যাচ ১-১ ছিল। কমলাকান্তের রত্না রায় ও দেওয়ানগঞ্জের নূপুর বিশ্বাস গোল করে। ফাইনালের সেরা ও সেরা গোলরক্ষক কমলাকান্তের মৌসুমী খাতুন। প্রতিযোগিতার সেরা তাদের ববিতা রায়।

কর্ণাটকে অনুষ্ঠেয় ক্যারাটের জন্য কাইজানের ১১ সদস্যের দল। -ভাস্কর সাহা

সোমবার হুবলি যাবে কাইজান

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ অক্টোবর ঃ ১৯-২১ অক্টোবর কর্ণাটকের হুবলিতে অনুষ্ঠেয় জাতীয় স্তরের ক্যারাটের জন্য কাইজান ক্যারাটে ডু অ্যাসোসিয়েশনের ১১ জনের দল সোমবার রওনা হবে। কোচ দেবাশিস ঢালি ঘোষিত দলে রয়েছে মেহুল গর্গ, গ্রিসম আগরওয়াল, আমন আগরওয়াল, সোহন প্রধান, প্রিয়াংশু গোয়েল, আকাঙ্খাংশ গোয়েল, দিব্যংশ জৈন, আদিত্য গুরুং, মানব মিত্তাল, নিশান্ত চাচন ও বিবেক আগরওয়াল। দলের ম্যানেজার সন্তোষ মল্লিক।

সম্পাদক ঃ সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে সঞ্জীব তালুকদার কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী- ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস ঃ ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা-৭০০০০১, ফোন ঃ ২২৪৩-৫৬৬৩, ২২১০-১৮২০/১২০১, ফ্যাক্স ঃ ০৩৩-২২৪৩-৫৬১৮, ২৪১৯২৩৫৮। জলপাইগুড়ি অফিস ঃ থানামোড়, জলপাইগুড়ি- ৭৩৫১০১, ফোন ঃ ০৩৫৬১-২২৪২১৪, ২৩১৬৪৪। কোচবিহার অফিস ঃ সিলভার জুবিলি রোড, কোচবিহার- ৭৩৬১০১, ফোন ঃ ০৩৫৮২-২২৬৪৩০। আলিপুরদুয়ার অফিস ঃ এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার-৭৩৬১২২, ফোন ঃ ০৩৫৬৪-২৫৯৪০১। মালদা অফিস ঃ মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযূপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা- ৭৩২১০১, হোয়াটসঅ্যাপ ঃ ৮৫৮৪৮৮৩২৫৯, ফোন ঃ ০৩৫১২-২২১৬৯৩ (সংবাদ), ২২১৬৯৬ (বিজ্ঞাপন ও অফিস), ফ্যাক্স ঃ ২২১৬৯৪। শিলিগুড়ি ফোন ঃ সম্পাদক ও প্রকাশক ঃ ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার ঃ ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন ঃ ২৫২৪৭২২, সার্কুলেশন ঃ ২৫২৬৬৩৫, অফিস ঃ ২৫২৯৬৬১, ২৫২৬৯৯৯ ও ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ ঃ ৭৮৭২৯৩৩৮৮৮, রিপোর্টিং ঃ ২৫২০০০৩, হোয়াটসঅ্যাপ ঃ ৯৭৩৫৭৩৯৬৭৭। ফ্যাক্স ঃ ০৩৫৩-২৪৩৪৪৪৫/২৫২৯৬৬০।
Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D-03/2003-08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com uttarbanga@indiatimes.com Website : http://www.uttarbangasambad.in